

৩২৬



যে-কোনো ধরনের তদ্বির
প্রার্থীর অযোগ্যতা হিসেবে
বিবেচনা করা হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

স্মারক নং-৮০.০০.০০০০.১০১.১১.০১৮.১৯.-১৭

তারিখ: ০৫ মাঘ ১৪২৮
১৯ জানুয়ারি ২০২২

বিজ্ঞপ্তি

বিষয় : খাদ্য মন্ত্রণালয়ের অধীন খাদ্য অধিদপ্তরের কম্পিউটার নেটওয়ার্ক ইউনিটের “সহকারী প্রোগ্রামার” পদে কম্পিউটার প্রোগ্রামিং স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউড টেস্টের ফলাফল প্রকাশ এবং মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও সাধারণ নির্দেশাবলি।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়ের অধীন খাদ্য অধিদপ্তরের কম্পিউটার নেটওয়ার্ক ইউনিটের সহকারী প্রোগ্রামার [বিজ্ঞপ্তির ক্রমিক নং-১১০, তারিখ: ০৯.১২.২০১৯] পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের কম্পিউটার প্রোগ্রামিং স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউড টেস্ট গত ১৭.০১.২০২২ তারিখে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে অনুষ্ঠিত হয়। উক্ত পরীক্ষায় ১২ জন প্রার্থী উত্তীর্ণ হয়। উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে :

মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	রেজিস্ট্রেশন নম্বর
৩১.০১.২০২২ সকাল-১০.০০ মিনিট	000028 000141 000148 000152 000170 000189 000202 000262 000270 000279 400025 800074 = ১২ জন।

২. নিম্ন বর্ণিত রেজিস্ট্রেশন নম্বরধারী ১০ জন প্রার্থীকে ২ নং কলামে বর্ণিত কারণে মৌখিক পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা হলো :


রেজিস্ট্রেশন নম্বর	অযোগ্য ঘোষণার কারণ
000029 000114 000221 000251 000253 000282 000288 000299 800006 = ০৯ জন।	কম্পিউটার প্রোগ্রামিং স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউড টেস্টে অনুত্তীর্ণ
200034 = ০১ জন।	অনুপস্থিত

বিশেষ নির্দেশাবলি:

৩. মৌখিক পরীক্ষার জন্য কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর <http://bpsc.teletalk.com.bd> ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করা যাবে। উল্লেখ্য, প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।

Ni Press Advert

৪. মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণকারী প্রার্থীদের অতিরিক্ত ০১[এক] সেট BPS Form-5A [Applicant's Copy] কমিশনের ওয়েবসাইট হতে ডাউনলোডপূর্বক নিম্নোক্ত কাগজপত্রের সত্যায়িত ফটোকপিসহ সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই জমা দিতে হবে। [জমাদানে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না] :
- শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদ;
 - “ও” লেভেল এবং “এ” লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা;
 - অনধিক ৩ মাস পূর্বে তোলা ০৩ [তিন] কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
 - জাতীয় পরিচয়পত্র [NID];
 - নাগরিকত্ব সনদ;
 - লিখিত পরীক্ষার প্রবেশপত্র ;
 - সরকারি/আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিল স্বাক্ষরিত ছাড়পত্র [প্রযোজ্য ক্ষেত্রে];
 - সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে ইস্তফা প্রদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশ [প্রযোজ্য ক্ষেত্রে];
 - আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সনদ [প্রযোজ্য ক্ষেত্রে];
 - বিদেশ হতে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইকুইভ্যালেন্স সনদ [প্রযোজ্য ক্ষেত্রে];
 - মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যাদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রয়োজনীয় সনদের সত্যায়িত কপি;
 - প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারিকৃত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্রের সত্যায়িত কপি [প্রযোজ্য ক্ষেত্রে]।
৫. অনুচ্ছেদ ৪ এ বর্ণিত সকল সনদ/ডকুমেন্টস এর মূলকপি মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে।
৬. উল্লিখিত প্রতিটি ডকুমেন্টসের সত্যায়িত কপির উপর প্রার্থীকে তার রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই লিখতে হবে।
৭. মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে [ক্যান্টিনসহ] মোবাইল ফোন ও কোনো প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ ও ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কমিশনের কোনো কর্মকর্তা/কর্মচারীর সাথে আলোচনা বা আলাপচারিতায় মিলিত হওয়া নিষিদ্ধ।
৮. মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত: আধা ঘন্টা [৩০ মিনিট] পূর্বে সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই উপস্থিত হতে হবে। নির্ধারিত তারিখে মৌখিক পরীক্ষায় অনুপস্থিত প্রার্থীর পরবর্তীতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না।
৯. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের কোনো গুরুতর [substantive] ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে-কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
১০. কোভিড-১৯ মহামারীর কারণে সরকারি নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি অনুসরণসহ প্রার্থীদের অবশ্যই মাস্ক পরিধান করে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।


[নূর আহমদ]
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]
[যুগ্মসচিব]